# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 02-06-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) ২০২৬-এর বিধানসভা নির্বাচনে রাজ্যে সরকার পরিবর্তনের আহ্বান জানিয়েছেন বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ।

২) ক্ষমতায় এলে হিংসার শিকার বিজেপি কর্মীদের জন্য ন্যায়বিচার নিশ্চিত করার আশ্বাস।

৩) রাজারহাটে সেন্ট্রাল ফরেন্সিক ল্যাবরেটরির নতুন ভবনের উদ্বোধন করে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী বলেছেন, সরকার ফৌজদারি বিচার ব্যবস্থাকে পুরোপুরি বৈজ্ঞানিক প্রমাণ নির্ভর করে তুলতে চায়।

৪) নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে কংগ্রেস প্রার্থী কাবিলুদ্দিন শেখকে সমর্থন করবে বামফ্রন্ট।

৫) বোলপুরের আইসি সম্পর্কে অনুব্রত মন্ডলের কুরুচীপূর্ণ মন্তব্যের যে অভিযোগ উঠেছে তাঁকে সমর্থন করায় বীরভূমের ছাত্রনেতা বিক্রমজিত্ সাউকে ৬ বছরের জন্য সাসপেন্ড করেছে তৃণমূল কংগ্রেস।

৬) বিলুপ্ত হতে চলা বিভিন্ন গাছ সংরক্ষণে উদ্যোগী হয়েছে শিবপুর বটানিক্যাল গার্ডেন।

--------------------------------------------------------------------------------

২০২৬ এর বিধানসভা নির্বাচনে রাজ্যে সরকার পরিবর্তনের আহ্বান জানিয়েছেন বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। গতকাল কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে দলের সাংগঠনিক সভায় যোগ দিয়ে ভাষণে শ্রী শাহ বলেন, তৃণমূল কংগ্রেসের আমলে সব ক্ষেত্রে দুর্নীতি হয়েছে।

বাইট

শ্রী শাহ বলেন, তৃণমূল কংগ্রেস সরকার, পশ্চিমবঙ্গকে অনুপ্রবেশকারীদের জন্য সুরক্ষিত আশ্রয়স্থল করে তুলেছে। অনুপ্রবেশ রোধে সীমান্তে বেড়া দেবার জন্য জমি চাওয়া হলেও রাজ্য সরকার তা দিচ্ছে না। অনুপ্রবেশকারীদের নাম ভোটার তালিকায় তুলে তৃণমূল কংগ্রেস এরাজ্যে ক্ষমতায় টিকে থাকতে চাইছে। হিংসা ছাড়া নির্বাচন হলে মানুষ রাজ্যে তৃণমূল কংগ্রেসের জামানত বাজেয়াপ্ত করবে বলেও হুঁশিয়ারি দিয়েছেন তিনি।

বাইট

শ্রী শাহ অভিযোগ করেন যে, পহেলগাওতে সন্ত্রাসবাদী হামলায় নিরীহ পর্যটকদের মৃত্যুর বদলা নিতে নরেন্দ্র মোদী সরকার অপারেশন সিন্দুর করলেও, রাজ্যের মুখ্যমন্ত্রী, সিন্দুরের নামে আপত্তিজনক রাজনৈতিক মন্তব্য করছেন।

রাজ্যে বিজেপি কর্মিদের উপর তৃণমূল কংগ্রেস নানাভাবে নির্যাতন চালালেও, দল ক্ষমতায় এলে এর উপযুক্ত বিচার হবে বলে অমিত শাহ আশ্বাস দিয়েছেন। সংশোধিত ওয়াকফ আইন নিয়েও তৃণমূল সরকারের সমালোচনা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী।

তিনি বলেন, বেছে বেছে হিন্দু শরণার্থীদের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার জন্য নোটিস দেওয়া হচ্ছে। যাঁরা নোটিস পাচ্ছেন, তাঁদের সংশোধিত নাগরিকত্ব

আইনের আওতায় আবেদন করার জন্য বলেছেন শ্রী শাহ। সন্দেশখালি এবং আরজি করের ঘটনার কথা উল্লেখ করে তিনি রাজ্যের মহিলারা নিদারুন পরিস্থিতির মধ্যে রয়েছেন বলেও মন্তব্য করেন। এদিনের সভা থেকে শ্রী শাহ দলের মন্ডল সভাপতি ও বুথ স্তরের কর্মীদের এলাকার প্রতিটি মানুষের বাড়ি বাড়ি গিয়ে নিবিড় জনসংযোগ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন।

গতকালের সভায় বক্তব্য রাখেন বিজেপি রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী প্রমুখ।

অনুষ্ঠান শেষে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সিমলা স্ট্রিটে স্বামী বিবেকানন্দের বাসভবনে গিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। সেখানে সাধু সন্তদের সঙ্গে বিশেষ বৈঠক করেন তিনি। বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের প্রায় শ'দুয়েক সাধু, সন্ন্যাসী এই বৈঠকে যোগ দিয়েছিলেন। বৈঠকে সনাতনী সমাজকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন শ্রী শাহ্।

-------------------

কেন্দ্রীয় সরকার ফৌজদারি বিচারব্যবস্থাকে পুরোপুরি বৈজ্ঞানিক প্রমাণ নির্ভর করে তোলার উপর জোর দিচ্ছে। এর অঙ্গ হিসাবে ফরেনসিক পরিকাঠামো গুলিকে ঢেলে সাজানোর উপর জোর দেওয়া হচ্ছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। রাজারহাটে গতকাল সেন্ট্রাল ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরির নতুন ভবনের উদ্বোধন করে তিনি বলেন, প্রায় ৮৮ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই অত্যাধুনিক ফরেন্সিক পরীক্ষাগার শুধুমাত্র পশ্চিমবঙ্গই নয় ঝাড়খন্ড, বিহার,ওড়িশা, সিকিম, আসামসহ সমগ্র উত্তর পূর্বের রাজ্যগুলিতে বৈজ্ঞানিক তথ্য নির্ভর ফৌজদারি বিচার ব্যবস্থা উপকৃত হবে।

বাইট

--------------------

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের অবৈধ অনুপ্রবেশ নিয়ে মন্তব্যকে খারিজ করেছে তৃনমূল কংগ্রেস। গতকাল কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, স্বরাষ্ট্রমন্ত্রী ভোটে যে হিংসার অভিযোগ তুলছেন, তাঁর দায়িত্বে রয়েছে নির্বাচন কমিশন। একইভাবে অনুপ্রবেশ এর দায়ও বর্তায় BSF এর।

--------------------

অমিত শাহের সভায় যোগ দিতে এসে এক বিজেপি কর্মীর মৃত্যু হয়েছে। দীপঙ্কর দাস  নামে ওই ব্যক্তি নদিয়ার ময়ূরহাট ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের প্রধান। ভিড়ের মধ্যেই অসুস্থ বোধ করায় তাঁকে নিয়ে যাওয়া হয় এসএসকেএম হাসপাতালে। সেখানেই মৃত্যু হয় তাঁর।

--------------------

সন্ত্রাসের কাজে অর্থ জোগান এর তদন্তে জাতীয় তদন্ত সংস্থা NIA, কলকাতার মোমিনপুরের  একটি বৈদেশিক মুদ্রা বিনিময় অফিসের মালিককে আজ জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে। গত শনিবার ঐ অফিসে তল্লাশি চালায় এনআইএ। মালিকের মোবাইল ও ল্যাপটপ নিয়ে যায়।

--------------------

রাজ্যে নতুন করে ৮২ জন করনায় সংক্রমিত হয়েছেন। এই নিয়ে রাজ্যে বর্তমানে মোট ২৮৭ জন করনায় সংক্রমিত রয়েছেন বলে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের রিপোর্টে উল্লেখ করা হয়েছে। এইদিকে গত ২৪ ঘন্টায় দেশে নতুন করে ৩৬৩ জন করনায় সংক্রমিত হওয়ায় মোট আক্রান্তের সংখ্যা বেড়ে হয়েছে তিন হাজার ৭৫৮

জন। রাজ্যে করনা সংক্রমণের সংখ্যা বৃদ্ধি পেতে থাকায় স্বাস্থ্য দপ্তরের তরফে সব সরকারি এবং বেসরকারি হাসপাতালকে সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে।

--------------------

রাজ্যের কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনে ভোট কর্মীদের জন্য দুদিনের প্রশিক্ষণ কর্মসূচি গতকাল শেষ হয়েছে। নদীয়ার কৃষ্ণনগরে গত ৩১ মে ও পয়লা জুন আয়োজিত ওই প্রশিক্ষণ কর্মসুচিতে উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনের দুই আধিকারিক B C পাত্র, রাহুল ফুকন। ছিলেন রাজ্যের উপ মুখ্য নির্বাচনী আধিকারিক সুমন্ত রায়ও। এই প্রথম দিল্লির নির্বাচন কমিশন এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সিনিয়র আধিকারিকরা যৌথ ভাবে ভোট গ্রহণ কর্মীদের ব্যবহারিক প্রশিক্ষণ কর্মসুচিতে উপস্থিত ছিলেন। দুদিনের এই প্রশিক্ষণ কর্মসূচির প্রথম দিনে ৯০৯ জন এবং দ্বিতীয় দিনে ৯২০ জন ভোটকর্মী উপস্থিত ছিলেন। উল্লেখ্য, কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য আগামী ১৯ জুন ভোট গ্রহণ করা হবে। এরজন্য ৩০৯ টি ভোট গ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে।

এদিকে কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের আসন্ন উপনির্বাচনে বামফ্রন্ট, কংগ্রেস প্রার্থী কাবিলউদ্দিন শেখ কে সমর্থন করার সিদ্ধান্ত নিয়েছে। ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু গতকাল এক বিবৃতিতে একথা জানিয়েছেন।

--------------------

ফেসবুকে লাইভ করে বোলপুরের সিআই লীটন হালদারের নামে কুরুচিপূর্ণ মন্তব্যের অভিযোগে ছাত্রনেতা বিক্রমজিৎ সাউকে ছ'বছরের জন্য সাসপেন্ড করেছে

তৃণমূল ছাত্র পরিষদ। সংগঠনের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে যে, দল বিরোধী কাজের জন্যই তাকে সাসপেন্ড করা হল। প্রসঙ্গত, দিন কয়েক আগে ফোনে ঐ পুলিশ আধিকারিককে অবমাননাকর কথা বলেন বীরভূমের তৃণমূল নেতা অনুব্রত মণ্ডল। সেই অডিও রেকর্ডিং প্রকাশ্যে আসতেই বিতর্কের ঝড় ওঠে। তৃণমূলের তরফে অনুব্রতকে ক্ষমা চাওয়ার নির্দেশ দেওয়া হয়। এদিকে অনুব্রত মন্ডলকে পুলিশ তলব করলেও গতকালও হাজিরা দেননি অনুব্রত। অনুব্রত মন্ডল শারীরিকভাবে অসুস্থ বলে অনুব্রতর আইনজীবী পুলিশের কাছে জানিয়েছেন।

--------------------

পাকা আমের স্থায়িত্বকাল বৃদ্ধি করতে নদীয়ার বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে গবেষণায় এক নতুন দিগন্তের সূচনা হয়েছে। তেজস্ক্রিয় গামারশ্মি ব্যবহার করে বেশ কয়েকটি প্রজাতির পাকা আমের স্থায়িত্ব বৃদ্ধি করা গেছে বলে গবেষকরা জানিয়েছেন। পাকা হিমসাগর ২০-২৫ দিন, লক্ষণভোগ আম প্রায় ৪০ দিন পর্যন্ত তাজা রাখা সম্ভব।

উল্লেখ্য, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, ভাবা অ্যাটমিক রিসার্চের আর্থিক সহায়তায় সংশ্লিষ্ট বিষয়টি নিয়ে গবেষণা চালাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা ডক্টর আইভি চক্রবর্তী জানালেন, আগামী দিনে সমাজ সংরক্ষণের বিষয়টিও ভাবা যেতে পারে।

বাইট

--------------------

নিম্নচাপ অক্ষরেখা এবং দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে রাজ্যের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে আজ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস। জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারের কয়েকটি জায়গায় ভারি বর্ষণের সম্ভাবনা।

অন্যদিকে গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতেও দু-একটি জায়গায় বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে প্রায় ১ দশমিক ৫ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

------------------- -------------------